**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**পরিকল্পনা ইউনিট**
(www.lawjusticediv.gov.bd)

১৮ ভাদ্র ১৪৩৩

নং- ১০.০০.০০০০.০০০.১১৭.১৪.২৭৫.২৬.৪২০ তারিখ: ---------------------

০২ সেপ্টেম্বর ২০২৬

**বিষয়: ৬৪ জেলা এবং ৮ টি মহানগরের বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন নির্মাণ প্রকল্পের স্থান নির্বাচন প্রসংগে।**

উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে প্রতিটি জেলায় দেওয়ানি ও ফৌজদারি আদালত এবং বিভিন্ন বিশেষ ট্রাইব্যুনালে বিভিন্ন স্তরের প্রায় ৩০ থেকে ৫০ জন বিচারক কর্মরত থাকেন। কতিপয় জেলা ব্যতীত অধিকাংশ জেলাতেই বিচারকদের কোনো সমন্বিত বা পর্যাপ্ত সরকারি আবাসন ব্যবস্থা নেই। ফলে অধিকাংশ বিচারককে ভাড়া বাসায় ঝুঁকিপূর্ণভাবে বসবাস করতে হয়। স্পর্শকাতর মামলা পরিচালনার কারণে ভাড়া বাসায় বসবাস বিচারক ও তাঁদের পরিবারের সার্বিক নিরাপত্তাকে বিঘ্নিত করছে।

২। অনেক স্থানে জেলা জজশীপের আওতায় আবাসন নির্মাণের জন্য পর্যাপ্ত জায়গা রয়েছে। ভূমির সর্বোচ্চ সদ্ব্যবহার নিশ্চিত করার মাধমে প্রতিটি জেলা/মহানগরে স্থানভেদে ১০- ১৫ তলাবিশিষ্ট আধুনিক আবাসিক কমপ্লেক্স নির্মাণ করা হলে বিচার বিভাগীয় কর্মকর্তাদের মানসম্মত আবাসন নিশ্চিত হবে করা সম্ভব হবে যা বর্তমান সংকট নিরসনের পাশাপাশি ভবিষ্যতের বর্ধিত চাহিদাও পূরণ করতে পারবে। এই ধরনের একক ভবনে সিসিটিভি, নির্দিষ্ট প্রবেশপথ ও সার্বক্ষণিক সশস্ত্র পুলিশি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা অত্যন্ত সহজ হবে।

৩। এমতাবস্থায়, '৬৪ জেলা এবং ৮ টি মহানগরের বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণের লক্ষ্যে জেলা ও দায়রা জজগণকে তার আওতাধীন আদালত প্রাঙ্গণে বা পুরাতন কোর্ট/মুন্সেফ কোর্ট প্রাঙ্গণে যে পরিমাণ জায়গা রয়েছে তার বর্ণনা ও স্থানিক নক্সা প্রেরণ এবং জায়গা না থাকলে জেলা জজ আদালত ভবনের এক কিলোমিটার পারিপার্শ্বিকতার মধ্যে প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ করার মতো জায়গার ধারণা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২.০৯.২০২৬
(মোহাম্মদ মেহেদী হাসান)
যুগ্মসচিব (পরিকল্পনা)
ফোন: ৯৫৪০৩৪৭

১) বিজ্ঞ জেলা ও দায়রা জজ (সকল)
২) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (সকল জেলা) [নির্বাচিত স্থানের ডিজিটাল সার্ভে করার অনুরোধসহ]

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
[দৃ:আ:তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২, ঢাকা]

০২। প্রধান স্থপতি, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।